



সংসদীয় কমিটি চূড়ান্ত করলো ১২০ অধ্যাদেশ: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান জানিয়েছেন, অন্তর্বর্তী সরকারের সময় জারি হওয়া ১৩৩টি অধ্যাদেশের মধ্যে ১২০টির বিষয়ে সংসদীয় বিশেষ কমিটি চূড়ান্ত মত প্রদান করেছে। কমিটি কাজের সময় সংবিধান এবং জুলাই সনদকে কেন্দ্রীয় ভিত্তি হিসেবে বিবেচনা করেছে। বিশেষ করে জুলাই সংক্রান্ত চারটি অধ্যাদেশে সদস্যরা সকলেই একমত হয়েছেন।

বুধবার (২৫ মার্চ) সংসদ ভবনের কেবিনেট কক্ষে মূলতবি বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলায় আইনমন্ত্রী এ তথ্য জানান।

আইনমন্ত্রী আরও বলেন, বেশিরভাগ অধ্যাদেশের বিষয়ে কাজ সম্পন্ন হয়েছে, বাকি কিছু অধ্যাদেশ নিয়ে আগামী ২৯ মার্চ আলোচনা হবে। পর্যালোচনা শেষ হলে কমিটি রিপোর্ট জমা দেবে। তিনি যোগ করেন, জুলাই সনদের বাইরে সরকার এখনও কোনো পদক্ষেপ নেয়নি। সংবিধান এবং জুলাই সনদ—দুটোকেই গুরুত্ব দিয়ে বিষয়গুলো যাচাই করা হচ্ছে।

LENS ASIA